

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৮৫.১৯.০১৮.১৮- ১৫৯


তারিখ: ১১ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার বালিজুড়ী এস.এম ফাজিল ডিগ্রী মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: বদিউজ্জমান
তালুকদার এর বকেয়া বেতন-ভাতা প্রদান সংক্রান্ত।

সূত্র: জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার বালিজুড়ী এস.এম ফাজিল ডিগ্রী মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: বদিউজ্জমান
তালুকদার এর নিকট হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ট্রেজারী রুলস্ এর ১৬ এর অধীন সাবসিডিয়ারী রুলস্
এর এস.আর ৬১।(ক) টীকা-২: (অ) "বৃত্তি ও সাহায্যমঞ্জুরি যে মাসে অর্জিত হয় সেই মাসের শেষদিনে প্রাপ্য এবং
ভ্রমণ/বদলিজনিত ব্যয়সমূহ ভ্রমণশেষে প্রাপ্য। অতএব ছয় মাসের সময়সীমা ঐ তারিখ হইতেই গণনা করিতে হইবে,
প্রতিস্বাক্ষরের তারিখ হইতে নয়।" এমপিও একটি সাহায্য মঞ্জুরী (Grant in aid)। এমপিও সাহায্য মঞ্জুরি বিধায় ট্রেজারি
রুলস্-১৬ এর অধীন এস.আর ৬১ এবং তৎসংশ্লিষ্ট টীকা অনুযায়ী ০৬ (ছয়) মাসের মধ্যে দাবী করা হয়নি এমন বকেয়া
পরিশোধের সুযোগ নেই। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

সংযুক্তি: ০২(দুই) পাতা।


(শেখ মুজিবুর রহমান)
সহকারী সচিব (মাদ্রাসা-২)
১৫৪৯৩৯৬

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয়
লিংক রোড, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অধ্যক্ষ, বালিজুড়ী এস.এম ফাজিল ডিগ্রী মাদ্রাসা, উপজেলা-মাদারগঞ্জ, জেলা-জামালপুর।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।